

পুনশ্চঃ ইসরাত হোসেন শবনম ভাবী

কাইউম পারভেজ



আমার অল্প-স্বল্প গল্প কলামে সপ্তাহ দু'য়েক আগে লিখেছিলাম “এসেছি দন্ড দু'য়ের তরে” শিরোনামে সদ্যপ্রয়াত অতি কাছের দু'জন ভাবীর গল্প। গুরুটা করেছিলাম ওয়াটস গ্রোভের মোয়াজ্জেম ভাইয়ের (ড. মোয়াজ্জেম হোসেন) পরলোকগত স্ত্রী শবনম ভাবীকে দিয়ে। লিখতে গিয়ে শবনম ভাবীর দেয়া এসবিএস রেডিওর বাংলা অনুষ্ঠানে বিবি মুখার্জীর কাছে ক্যান্সারের সাথে যুদ্ধ নিয়ে তাঁর অভিজ্ঞতায় সমৃদ্ধ একটি অসাধারণ সাক্ষাৎকারের কথাও উল্লেখ করেছিলাম। আমি লিখেছিলাম আমাদের সবার সে সাক্ষাৎকারটি অন্ততঃ একবার হলেও শোনা উচিত। সাক্ষাৎকারটি প্রচারিত হয়েছিলো সোমবার ২৮ ফেব্রুয়ারী ২০১১ তে। ঠিক ১১

সপ্তাহ পর তিনি চলে গেলেন। তো সেই সাক্ষাৎকারটি অবশেষে সংগ্রহ করা গেছে। মোয়াজ্জেম ভাইয়ের সৌজন্যে আমার কলামের পাঠকদের জন্য গুঁথে দিলাম। আর এ জন্যে সবচে' গভীর এবং বিনীত কৃতজ্ঞতাটা সিডনিবাসী-বাংলা-র কাছে। মতিন ভাইয়ের কাছে।

পরম করুণাময় আল্লাহতায়লা শবনম ভাবীকে জান্নাতবাসী করুন।